

# মহানবীকে নিয়ে কটূক্তি করায় জাবিছাত্র আজীবন বহিষ্কার

জাবি প্রতিনিধি

০৬ ডিসেম্বর ২০২৫, ০৫:৪৭ পিএম



বহিষ্কার হওয়া জাবিছাত্র তৌফিক ইসলাম নাবিল। ছবি: সংগৃহীত

হযরত মুহাম্মদ (সা.)-কে নিয়ে সামাজিক মাধ্যমে কটূক্তি করার ঘটনায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগের ২০২০-২১ শিক্ষাবর্ষের (৫০তম ব্যাচ) ছাত্র তৌফিক ইসলাম নাবিলকে আজীবন বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

শনিবার (৬ ডিসেম্বর) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আজিজুর রহমান বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, গত ৪ ডিসেম্বর অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। এর আগে, গত ৩০ জুন একই অভিযোগে তাকে সাময়িক বহিষ্কার করে তদন্ত কমিটি গঠিত হয়েছিল।

তদন্ত প্রতিবেদনে, নাবিলকে আজীবন বহিষ্কারের সুপারিশ আসে। পরবর্তীতে ডিসিপ্লিনারি বোর্ড এই সুপারিশ বহাল রেখে সিন্ডিকেটে প্রেরণ করে। এরপর ৫ ডিসেম্বর অনুষ্ঠিত সিন্ডিকেটে তাকে আজীবন বহিষ্কার করা হয়।

উল্লেখ্য, গত ২৮ জুন তৌফিক ইসলাম নাবিলের ফেসবুক অ্যাকাউন্ট থেকে হযরত মুহাম্মদ (সা.)-কে নিয়ে অবমাননাকর মন্তব্যসহ একটি স্ট্রিনশট সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে। এতে বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের মধ্যে ক্ষোভ সৃষ্টি হয়।

আমাদের সময়/আরডি